

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৭.১৮.৬৯

তারিখ: ১ কার্তিক ১৪২৫  
১৬ অক্টোবর ২০১৮

বিষয়: ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাজিল মাদ্রাসা (এতিমখানা)-এর ২০০৫-২০১৭ আর্থিক সনের অডিট পরিলক্ষিত ১০টি গুরুত্বপূর্ণ আর্থিক অনিয়ম সংক্রান্ত।

সূত্র: স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং- ৩৩২৭/এলএএস-২/অ:অনু:/২০০৫-২০১৭/১৮৭৬;  
তারিখ: ০১/১০/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর থেকে বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাজিল মাদ্রাসা (এতিমখানা), বোয়ালমারী, ফরিদপুর কার্যালয়ের ২০০৫-২০১৭ সনের হিসাব ২৩/০৯/২০১৭ তারিখ হতে ২৮/০৯/২০১৭ তারিখ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষাকার্য সম্পাদন করে নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং- ০১, ০২, ০৫, ০৬, ০৭, ০৯, ১১, ১২, ১৩ ও ১৫-কে গুরুত্বপূর্ণ আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে অগ্রিম অনুচ্ছেদে প্রণয়ন করেছে। অডিট আপত্তিসমূহের বিবরণ নিম্নরূপ:

অনুচ্ছেদ নং-০১, যাবৎজীবন সাজা প্রাপ্ত কর্মকর্তাদের বেতন-ভাতাদি বাবদ মোট ১৮,০০,০৯৬/- টাকা অনিয়মিতভাবে গ্রহণে সরকারী অর্থের ক্ষতি;

অনুচ্ছেদ নং-০২, সরবরাহকারীর নিকট থেকে ভ্যাট বাবদ মোট: ৪৮,৭২৮/- টাকা আদায় না করায় সরকারি রাজস্ব ক্ষতি;

অনুচ্ছেদ নং-০৫, চেক রেজিস্ট্রার প্রদর্শন ছাড়াই মোট ২,৪৫,০০০/- টাকা অনিয়মিতভাবে উত্তোলনে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি;

অনুচ্ছেদ নং-০৬, লোন পরিশোধের নামে মোট ১,১১,০০০/- টাকা অনিয়মিতভাবে উত্তোলনে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি;

অনুচ্ছেদ নং-০৭, মাদ্রাসা হতে উন্নয়নমূলক কাজ দেখিয়ে মোট: ৮,২৫,০৭৯/- টাকা ব্যয়ের সমর্থনে অনুমোদন, বিল ভাউচার ও প্রাক্কলন নেই;

অনুচ্ছেদ নং-০৯, মাদ্রাসা ও এতিমখানার মোট ১,৩০,১১,৪০৭/- টাকা ব্যয়ের ক্ষেত্রে পরিচালনা কমিটির অনুমোদন নেই;

অনুচ্ছেদ নং-১১, এতিমদের উদ্দেশ্যে প্রাপ্ত চাউল হতে মোট ১৬৩৪ ৭ কেজি ৭৫০ গ্রাম চাউল শিক্ষক ও কর্মচারীদের মধ্যে অনিয়মিতভাবে বিতরণ করায় ক্ষতি;

অনুচ্ছেদ নং-১২, এতিমদের উদ্দেশ্যে প্রাপ্ত সাহায্য তহবিল হতে মোট ৪,২২,৫৬৫/- টাকা তদারকী বাবদ শিক্ষক ও কর্মচারীদের মাঝে অনিয়মিতভাবে বিতরণ করায় ক্ষতি;

অনুচ্ছেদ নং-১৩, দোকান ভাড়া বাবত মোট ৪,৭৫,৪৫০/- টাকা আদায় না করায় প্রতিষ্ঠানের তহবিলের ক্ষতি; এবং

অনুচ্ছেদ নং-১৫, দোকানভাড়া বাবদ আদায়কৃত মোট ৬৪,৮০০/- টাকা ব্যাংক হিসাবে জমা করা হয়নি।

০২। এমতাবস্থায়, ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাজিল মাদ্রাসা (এতিমখানা)-এর ২০০৫-২০১৭ আর্থিক সনের অডিট পরিলক্ষিত অডিট আপত্তির অনুচ্ছেদ নং- ০১, ০২, ০৫, ০৬, ০৭, ০৯, ১১, ১২, ১৩ ও ১৫ গুরুত্বের আর্থিক অনিয়ম-এর ব্রডশীট জবাব মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে আগামী ০১/১১/২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৩৮ (আটত্রিশ) পাতা।



১৬-১০-২০১৮

নূরজাহান বেগম

সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

অধ্যক্ষ, বোয়ালমারী ছোলনা সালামিয়া ফাজিল মাদ্রাসা  
(এতিমখানা), বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১৭৭.১৮.৬৯/১(৪)

তারিখ: ১ কার্তিক ১৪২৫  
১৬ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ইক্ষাটন, ঢাকা।
- ২) যুগ্ম সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৬-১০-২০১৮

নূরজাহান বেগম

সহকারী সচিব